দৈনিক
ইত্তেফাক

তারিখ 16 JAN 2018
পৃষ্ঠা ১৭ কলাম ৭

# সাত দিনের অনশনে অসুস্থ ১৮৫ শিক্ষক

## ইবতেদায়ী মাদ্রাসা জাতীয়করণের দাবি

■ ইত্তেফাক রিপোর্ট

জাতীয়করণের দাবিতে জাতীয় প্রেসক্লাবের সামনে সপ্তম দিনের মতো অনশন কর্মসূচি পালন করেছেন স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসার শিক্ষকরা। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সঙ্গে বৈঠকের পর অনেকটাই হতাশ তারা। তারা প্রধানমন্ত্রী ও অর্থমন্ত্রীর কথা শোনার অপেক্ষায় আছেন।

গতকাল সোমবারও পরিবহণ পুল ভবনে কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগের প্রতিমন্ত্রী কাজী কেরামত আলীর সঙ্গে দেখা করেছেন শিক্ষকরা। তবে প্রতিমন্ত্রী অর্থমন্ত্রীর সঙ্গে আলাপ করে পরবর্তী অগ্রগতি জানাবেন বলে শিক্ষকদের জানিয়েছেন। চলতি বছরের প্রথমদিন থেকে ৮ জানুয়ারি পর্যন্ত বাংলাদেশ স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা সমিতির ব্যানারে অবস্থান কর্মসূচি পালন করেছে। তবে অনশনের সপ্তম দিন পর্যন্ত ১৮৫ জন শিক্ষক অসুস্থ হয়েছেন বলে জানিয়েছেন নেতৃবৃন্দ।

গতকাল অনশনস্থলে গিয়ে দেখা যায় খোলা আকাশের নিচে শীতের মধ্যে রাস্তার উপর বসে আছেন। পলিথিন, কাগজ, বস্তা বিছিয়ে কেউ বসে আছেন, কেউ শুয়ে আছেন। সবার চোখে-মুখে হতাশার রেখা, আছে ক্ষোভও। দীর্ঘদিন বিনাবেতনে চাকরি করে এখন আর পারছেন না। কারো হাতে লাগানো আছে স্যালাইন। কেউ শীতে কাঁপছেন, কেউ কাঁদছেন। এদিকে শিক্ষা ব্যবস্থা জাতীয়করণের দাবিতে গতকাল সোমবার জাতীয় প্রেসক্লাবের সামনে প্রথম দিনের মতো অনশন পালন করেছেন এমপিওভুক্ত শিক্ষকরা। এর আগে তারা পাঁচদিন একই স্থানে অবস্থান কর্মসূচি পালন করেছে। এমপিওভুক্ত পাঁচটি শিক্ষক সংগঠনের সমন্বয়ে গঠিত বেসরকারি শিক্ষা জাতীয়করণ লিয়াজোঁ ফোরামের ব্যানারে তারা এই আন্দোলন করছে।

লিয়াজোঁ ফোরামের মুখপাত্র নজরুল ইসলাম রনি বলেন, আমাদের একটাই দাবি— শিক্ষা ব্যবস্থা জাতীয়করণ। এ ব্যাপারে আমরা সুস্পষ্ট ঘোষণা চাই। সেই ঘোষণা আসার আগ পর্যন্ত আমরা অনশন চালিয়ে যাবো'।